৩০ মে, ২০২৬

সিদ্ধান্তহীনতায় ঝুলে আছে যুক্তরাষ্ট্র-ইরান শান্তিচুক্তি



সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের সম্ভাব্য শান্তিচুক্তি ঘিরে অনিশ্চয়তা এখনও কাটেনি। আলোচকদের প্রস্তুত করা খসড়া প্রস্তাবে এখনো সম্মতি দেননি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রায় দুই ঘণ্টাব্যাপী বৈঠক চললেও কোনো চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছানো সম্ভব হয়নি। শেষ পর্যন্ত সিদ্ধান্ত ছাড়াই সিচুয়েশন রুমের বৈঠক ত্যাগ করেন তিনি।

তবে হোয়াইট হাউসের কর্মকর্তারা এখনও আশাবাদী অবস্থান বজায় রেখেছেন। তাদের দাবি, দুই দেশের মধ্যে সমঝোতার পথ অনেকটাই এগিয়েছে এবং চুক্তি হওয়ার সম্ভাবনা এখনও রয়েছে।

অন্যদিকে ইরানের গণমাধ্যম ভিন্ন চিত্র তুলে ধরেছে। দেশটির সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, এখনো কোনো আনুষ্ঠানিক সমঝোতা চূড়ান্ত হয়নি। বিশেষ করে ইরানের জব্দকৃত সম্পদ মুক্ত করা, পরমাণু কর্মসূচির ভবিষ্যৎ এবং সমৃদ্ধ ইউরেনিয়াম অন্যত্র স্থানান্তরের মতো গুরুত্বপূর্ণ ইস্যুতে দুই পক্ষের মধ্যে মতপার্থক্য রয়ে গেছে।

LENS ASIA